



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ

www.bangladesh-bank.org.bd

কৃষিক্ষণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(শিল্প উপ বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার লেটার নং ০৯

তাং ০৩/১১/২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ক্ষুদ্র ও মাঝারি খাত হতে ব্রডব্যান্ড ও IT খাতে
বিনিয়োগকারী উদ্যোক্তাদের অর্থায়ন প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি ও ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানে ক্ষুদ্র ও মাঝারি (SME) খাত বিগত কয়েক বৎসর যাবত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। SME খাতের একটি সম্ভাবনাময় দিক হল ব্রডব্যান্ড ও IT খাত। ব্রডব্যান্ডের সম্প্রসারণের মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেশের সার্বিক অর্থনৈতিক ও সামাজিক কর্মকাণ্ড উন্নয়নে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ সহায়ক ভূমিকা পালন করতে পারে। ব্রডব্যান্ডের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করতঃ এখাতে অর্থায়ন করে যত দ্রুত সম্ভব এ সুযোগের সদ্ব্যবহার করা বাঞ্ছনীয়।

এমতাবস্থায়, ব্রডব্যান্ড এবং IT খাতে বিনিয়োগকারী উদ্যোক্তাদের ক্ষুদ্র ও মাঝারি খাত (SME) হতে অর্থায়নের বিষয়ে গুরুত্ব প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭